গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫।
(www.bpsc.gov.bd)

নম্বর ঃ বাসককস/ইউ-২/সরাসরি-৬/২০০৯/- ১৬৫ তারিখ ঃ ১৬/০৮/২০১০।

প্রেস বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিল্প মন্ত্রণালয়াধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এর গবেষণা কর্মকর্তা এবং বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার পদের রচনামূলক লিখিত পরীক্ষা আগামী ২৭/০৮/২০১০ তারিখ, রোজ শুক্রবার সকাল ৯.০০ ঘটিকায় মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। লিখিত পরীক্ষার জন্য গবেষণা কর্মকর্তা এর ক্ষেত্রে আবেদনপত্র জমার দিন প্রবেশপত্র দেয়া হয়েছে এবং সহকারী প্রোগ্রামার পদের যোগ্য প্রার্থীদের নামে ইতমধ্যেই ডাকযোগে লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। সহকারী প্রোগ্রামার পদে কোন প্রার্থী যথাসময়ে প্রবেশপত্র না পেয়ে থাকলে তিনি আগামী ২৬ শে আগস্ট, ২০১০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের ইউনিট- ২ এর সাথে যোগাযোগ করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

৩। উল্লেখ্য যে, গবেষণা কর্মকর্তা পদের রেজিঃ নং ০০০০০১, ০০০০০২, ০০০০০৩, ০০০০০৪, ০২২১৭৬, ০৪৩৭২৩, ০৫৭৮৩০, ১০০২৫২, ১২৫৬০৪, ১২৫৭৩৭ এর প্রার্থীগণ বিজ্ঞাপ্তনের শর্ত অনুযায়ী আবেদনপত্র জমা না দেয়ায় উক্ত আবেদনপত্র সমূহ বাতিল করা হয়েছে।

৪। সংশ্লিষ্ট প্রার্থীদের আসন ব্যবস্থা ও নির্দেশাবলী পরবর্তীতে দৈনিক পত্রিকায় এবং কমিশনের ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) প্রকাশ করা হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

স্বাঃ/-
(মোঃ আবদুর রৌফ খান)
পরিচালক(উপ-সচিব)।

বিতরণঃ

১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সকল জাতীয় দৈনিক সংবাদ পত্রে জরুরী ভিত্তিতে প্রকাশ করার জন্য তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
২। বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
৩। বার্তা সম্পাদক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।

নম্বর ঃ বাসককস/ইউ-২/সরাসরি-৬/২০০৯ /১৬৫(৫০) তারিখ ঃ ১৬/০৮/২০১০।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ-

১। সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার।
২। সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪। যুগ্ম-সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার)/সিনিয়র সিস্টেম এনালিস্ট(কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ),বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬। উপ-সচিব(প্রশা/অর্থ), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক, ইউনিট/(সকল) (পরীক্ষা, ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০। সদস্য-(সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা(সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১১। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট।
১২। অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

(নাজনীন ওয়ারেস)
উপ-পরিচালক।

Des/konika/Press/Unit-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নম্বর ঃ বাসককস/ইউ-২/সরাসরি-৬/২০০৯ / ৭৬৬ তারিখঃ ১৮/০৮/২০১০।

বিষয় ঃ শিল্প মন্ত্রণালয়াধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এর গবেষণা কর্মকর্তা এবং বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার পদের রচনামূলক লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিল্প মন্ত্রণালয়াধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এর গবেষণা কর্মকর্তা এবং বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের ২০০ নম্বরের রচনামূলক লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী ও আসন ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ-

পরীক্ষার কেন্দ্র, সময়সূচী ও আসন ব্যবস্থা

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম	রেজিঃ নম্বর	প্রার্থীর সংখ্যা
২৭/০৮/২০১০ (শুক্রবার) সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত।	মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।	গবেষণা কর্মকর্তা	০১৯৪৩৬ - ১৬৫৫৭৭পর্যন্ত	৭১ জন
		সহকারী প্রোগ্রামার	০০০০০১ - ০০০০৫৫ পর্যন্ত	৫২ জন

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী

(১) গবেষণা কর্মকর্তা পদের প্রার্থীদেরকে উল্লিখিত পদের জন্য বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও গনিত এবং সহকারী প্রোগ্রামার পদের প্রার্থীদেরকে উল্লিখিত পদের জন্য বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও সংশ্লিষ্ট পদের জন্য বিজ্ঞাপিত প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ে মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের গবেষণা কর্মকর্তা এর ক্ষেত্রে আবেদনপত্র জমার দিন প্রবেশপত্র দেয়া হয়েছে এবং সহকারী প্রোগ্রামার পদের যোগ্য প্রার্থীদের নিকট ইতমধ্যেই ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

(২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ১ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ

(৩) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীদের একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণ বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও গণিত / সংশ্লিষ্ট পদের বিজ্ঞাপিত প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।

(৪) প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কক্ষে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন আনা এবং কোন প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সাইন্টিফিক ক্যালকুলেটার বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া প্রয়োজন।

(৫) পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করেন। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।

(৬) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

(৭) সহকারী প্রোগ্রামার পদে কোন যোগ্য প্রার্থী যথাসময়ে প্রবেশপত্র না পেয়ে থাকলে তিনি আগামী ২৬শে আগস্ট, ২০১০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের ইউনিট-২ এর সাথে যোগাযোগ করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

(৮) উল্লেখ্য যে গবেষণা কর্মকর্তা পদের রেজিঃ নং ০০০০০১, ০০০০০২, ০০০০০৩, ০০০০০৪, ০২২১৭৬, ০৪৩৭২৩, ০৫৭৮৩০, ১০০২৫২, ১২৫৬০৪, ১২৫৭৩৭ এর প্রার্থীগণ বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী আবেদনপত্র জমা না দেয়ায় উক্ত আবেদনপত্র সমূহ বাতিল করা হয়েছে।

(৯) কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd) তে বিজ্ঞপ্তিটি দেখা যাবে।

[**পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন**]

(আম্বিয়া খাতুন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

Des konika Press/Unit-2